

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ : ২৫ জানুয়ারি, ২০২৪ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২৫/০১/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ রোজ বৃহস্পতিবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের উপপরিচালক ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব এ এইচ এম আসিফ বিন ইকরাম এর নেতৃত্বে "মুক্তা বেকারি" গাজী পালশা, বগুড়া সদর, বগুড়ায় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।


উক্ত বেকারি কারখানা পরিদর্শনকালে অত্যন্ত নোংরা ও অপরিষ্কার অবস্থায় পাউরুটি, বিস্কুট, কেক তৈরি, ক্ষতিকর টেক্সটাইল রং ব্যবহার, পাখির বিষ্টায়ুক্ত টেবিলে খবার তৈরি, ইঁদুরের গর্তযুক্ত এলাকায় খাদ্য সংরক্ষণ, খাদ্যে তেলাপোকার উপস্থিতি পোড়া ও ময়লা তেলের ব্যবহার, খাদ্য লবনের পরিবর্তে ইন্ডাস্ট্রিয়াল লবন ব্যবহার করতে দেখা যায়। এসময় আনুমানিক ৫ কেজি লবন, ৩ প্যাকেট রাসায়নিক রং, ৫ লিটার পোড়া ও ময়লা তেল জব্দ করা করা হয়।

এসকল অপরাধে নিরাপদ খাদ্য আইন ২০১৩ অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা অর্থদণ্ড আরোপ ও তাৎক্ষণিক আদায় করা হয়।

এসময় "মুক্তা বেকারি" গাজী পালশা, বগুড়া সদর, বগুড়া কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়।

এছাড়াও "মুক্তা বেকারি" গাজী পালশা, বগুড়া সদর, বগুড়া কর্তৃপক্ষ নিরাপদ খাদ্য আইন ২০১৩ এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ প্রদত্ত নির্দেশনা আগামী ১৫ দিনের মধ্যে প্রতিপালন করবে মর্মে মুচলেকা প্রদান করেন।

অভিযানকালে জনাব মো: রাসেল, জেলা নিরাপদ খাদ্য অফিসার, বগুড়া; জনাব মোঃ শাহ আলী খান, নিরাপদ খাদ্য পরিদর্শক, বগুড়া সদর পৌরসভা ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ উপস্থিত ছিলেন। এসময় নিরাপত্তার দায়িত্বে ছিলেন র্যাব বগুড়ার চৌকস টিম।



(মোঃ আখতার মান্নান)
পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ
ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd
ফোনঃ ০২-২২২২২২৩৬০১

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।